

যাদবপুরে কর্মবিরতির ডাক

নিজস্ব সংবাদদাতা
৩ এপ্রিল, ২০১৮, ০৩:২৬:১৯
শেষ আপডেট: ৩ এপ্রিল, ২০১৮, ০৩:২৪:৩৩



স্বাধিকারের অজুহাতে কেন্দ্রীয় সরকার বিশ্ববিদ্যালয়গুলির বেসরকারিকরণ করছে বলে অভিযোগ তুলে কর্মবিরতির ডাক দিল যাদবপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংগঠন আবুটা। সোমবার সংগঠনের যুগ্ম সম্পাদক তথা যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আহ্বায়ক গৌতম মাইতি জানান, শিক্ষা ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের চক্রান্ত ও ষড়যন্ত্রের বিরুদ্ধে সোচ্চার হতেই আগামী ৬ এপ্রিলের এই কর্মবিরতি। ওই দিন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ক্লাস বয়কট করছেন তাঁরা। পাশাপাশি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যেন কোনও অবস্থাতেই কেন্দ্রের কোনও ফাঁদে পা না দেন সে সম্পর্কে সজাগ করতেও এই পদক্ষেপ বলে জানান তিনি।

গৌতমবাবু জানান, উচ্চশিক্ষার মূল মন্ত্রই ছিল অর্থ দেবে সরকার। কিন্তু শিক্ষা সংক্রান্ত সমস্ত সিদ্ধান্ত নেবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্বয়ং। কারণ পঠনপাঠন ও শিক্ষাগত দিক থেকে বিশেষজ্ঞরাই বিশ্ববিদ্যালয় সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়ার যোগ্য। কিন্তু কেন্দ্রীয় সরকার যে ভাবে বিশ্ববিদ্যালয়কে বেসরকারিকরণ এবং সাম্প্রদায়িকীকরণের দিকে ঠেলে দিচ্ছে তার বিরুদ্ধেই সোচ্চার হতেই এই আন্দোলন বলে দাবি তাঁর।

সম্প্রতি, যাদবপুর বিশ্ববিদ্যালয়কে স্বশাসনের অধিকার দেয় কেন্দ্রীয় সরকার। ফলে নতুন পাঠ্যক্রম তৈরি, বিদেশি শিক্ষকদের নিয়ে আসা, তাঁদের জন্য বিশেষ বেতন স্কেল, গবেষণার জন্য বিশেষ কেন্দ্র— এ বার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন-এর (ইউজিসি) অনুমতি ছাড়াই করতে পারবে যাদবপুর। তবে সবটাই নিজস্ব অর্থে। এখানেই বিরোধ শুরু হয়েছে। কারণ পড়ুয়াদের স্বার্থে এই ফাঁদে পা দিতে নারাজ শিক্ষকেরা। বর্তমানে অধিকাংশ কোর্সই নামমাত্র ফি দিয়ে পড়ার সুযোগ পান পড়ুয়ারা। কিন্তু নতুন পদ্ধতিতে সেটা আর সম্ভব হবে না। ফলে এক দিকে স্বাধিকার অন্য দিকে পড়ুয়াদের স্বার্থ দু'টিই সঙ্কটে পড়ছে।

তবে শুধু কেন্দ্রকে নয়, স্বাধিকারে হস্তক্ষেপের জন্য রাজ্যকেও কিছুটা খোঁচা দিয়ে রেখেছেন ওই শিক্ষকেরা। যদিও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়ে দিয়েছেন, সকলের সঙ্গে আলোচনা না করে কোনও সিদ্ধান্ত নেওয়া হবে না।

TAGS : [Strike](#) [ABUTA](#) [Jadavpur University](#)